

অন্ধ

আজকাল কারো জন্যে আর অপেক্ষা করি না  
কারো জন্যে আর কৃষ্ণচূড়ার রঙ চুরি করি না  
কারো জন্যে আর পলাশবর্ষ বাতাসে রেঙে উঠি না  
আজকাল আমি একা নির্বেদ বেঁচে থাকা  
ঝরপাতার মতো উদ্দেশ্যহীন হাঁটা  
দেখি না সেই কনে রাঙা রৌদ্র  
ছুঁতে পারি না শিউলির গোধূলি গন্ধ  
নিঝুম অন্ধকারে টগরের মতো রাত্রিযাপন, অন্ধ।

দীলিপ সামন্ত

